গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ -২ অধিশাখা
www.mofl.gov.bd

০৯ মাঘ ১৪২১
নথি নং- ৩৩.০১.০০০০.১১৮.০৬.০০৮.১৪-৪৩ তারিখ: ----------
২২ জানুয়ারি ২০১৫

বিষয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সিলেট জেলা দুগ্ধ খামারের জমি সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়কে হস্তান্তরের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র: সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর স্মারক নং-রেজি:সংস্থাপন/ভূমি.হ(প.স.ম)-(০৩/১)/০৯/২৪৩৪ তারিখ: ৩০/১২/২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয় হতে গত ০২/০৪/২০১৩ তারিখ মপ্রাম/প্রাস-২/আ:হাঁ:মু:খামার/বিবিধ-৮/২০১১/১০৪ নং স্মারকে সিলেট দুগ্ধ খামারস্থ ছাগল উন্নয়ন খামার এবং তৎসংলগ্ন ২০ একর চারণভূমির (টিলা) বিষয়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক বিদ্যমান পরিস্থিতি বিবেচনা করে উক্ত জমি সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর করা হবে কিনা সে বিষয়ে সম্ভাব্যতা যাচাই এবং সুপারিশ প্রণয়নের জন্য গঠিত কমিটি নিম্নরূপভাবে পূনর্গঠন করা হল:

১.	যুগ্মসচিব (প্রাণিসম্পদ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সভাপতি
২.	সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি	সদস্য
৩.	পরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর	সদস্য
৪.	বিভাগীয় উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট	সদস্য
৫.	সহকারী পরিচালক, সিলেট জেলা দুগ্ধ খামার, সিলেট	সদস্য সচিব

কমিটির TOR: সিলেট দুগ্ধ খামার সংলগ্ন ছাগল উন্নয়ন খামার এবং সংলগ্ন ২০ একর চারণভূমির (টিলা) বিষয়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক বিদ্যমান পরিস্থিতি বিবেচনা করে উক্ত জমি সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর করা হবে কিনা সে বিষয়ে সম্ভাব্যতা যাচাই এবং সুপারিশ প্রণয়ন। কমিটি আগামী ০১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

স্বা:-২২/০১/২০১৫
(কে,এফ,এম, জেসমীন আখতার)
উপ-সচিব
ফোন: ৯৫৬১১১৭

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। ভাইস চ্যান্সেলর, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট ।
(উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন করার জন্য অনুরোধ করা হল)।
২। যুগ্মসচিব (প্রাণিসম্পদ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট।
৫। সহকারী পরিচালক, সিলেট জেলা দুগ্ধ খামার, সিলেট।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। জেলা প্রশাসক, সিলেট।
২। মহাপরিচালক (অ: দা:), প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ী সড়ক, ফার্মগেট, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।